



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসক, বগুড়া  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
www.bogura.gov.bd



নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০১১.৩৬.০০০১.১৬.২১৩

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ উপলক্ষে জেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক, নিরাপদ ও নিয়ন্ত্রণে রাখা অতি জরুরি। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, অনুমোদিত ফিলিং স্টেশন ব্যতীত খোলা বাজারে অবৈধভাবে পেট্রোল, ডিজেল ও কেরোসিন তেল মজুদ ও বিক্রয়ের ঘটনা ঘটছে। এ ধরনের কর্মকান্ড জননিরাপত্তার জন্য মারাত্মক ঝুঁকি সৃষ্টি করছে এবং সুষ্ঠু নির্বাচনি পরিবেশের জন্যও গুরুতর হুমকিস্বরূপ।

০২। খোলা বাজারে অবৈধভাবে বিক্রিত জ্বালানি তেল অপরাধীচক্রের নিকট ব্যবহৃত হয়ে বিস্ফোরক দ্রব্য প্রস্তুতের ঝুঁকি বাড়ায় বিধায় ভোটকেন্দ্র, জনসমাবেশ, যানবাহন ও সাধারণ জনগণের জীবন-সম্পদের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার আশঙ্কা রয়েছে। পেট্রোলিয়াম আইন, ২০১৬ অনুযায়ী খোলা বাজারে অবৈধভাবে পেট্রোল, ডিজেল ও কেরোসিন তেল মজুদ ও বিক্রয় শাস্তিযোগ্য অপরাধ।

০৩। এমতাবস্থায়, জননিরাপত্তা ও নির্বাচনি পরিবেশের সুরক্ষার স্বার্থে খোলা বাজারে জ্বালানি তেল মজুদ ও বিক্রয় থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে সতর্ক করা হলো। আইন অমান্যকারীদের বিরুদ্ধে পেট্রোলিয়াম আইন, ২০১৬ এবং অন্যান্য প্রযোজ্য আইন অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনাসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯-০২-২০২৬

মোঃ তৌফিকুর রহমান

জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া

ফোন : ০২৫৮৯৯০০০২০

ইমেইল : dcbogura@mopa.gov.bd

নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০১১.৩৬.০০০১.১৬.২১৩/১ (২১)

তারিখ: ২৬ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৪। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৬। উপমহাপুলিশ পরিদর্শক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ৭। অধিনায়ক, ৪০ বীর, ১১ পদাতিক ডিভিশন, এরিয়া সদর দপ্তর, বগুড়া সদর, বগুড়া।
- ৮। অধিনায়ক, ১২ ইন্সট বেঙ্গল, ১১ পদাতিক ডিভিশন, এরিয়া সদর দপ্তর, বগুড়া সদর, বগুড়া।
- ৯। পুলিশ সুপার, বগুড়া।
- ১০। অধিনায়ক, ১৬ বিজিবি, নওগাঁ।
- ১১। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।

- ১২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।  
১৩। প্রশাসক, বগুড়া পৌরসভা, বগুড়া।  
১৪। কোম্পানী কমান্ডার, র্‌যাব-১২, বগুড়া।  
১৫। যুগ্ম পরিচালক, এনএসআই, বগুড়া।  
১৬। উপপরিচালক, ডিজিএফআই, বগুড়া।  
১৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, বগুড়া।  
১৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া।  
১৯। সিনিয়র তথ্য অফিসার, বগুড়া (গণবিজ্ঞপ্তি বহুল প্রচারের অনুরোধসহ)।  
২০। উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার (সকল), ..... বগুড়া এবং  
২১। সহকারী কমিশনার (ভূমি) (সকল), .....বগুড়া।



০৯-০২-২০২৬

মোঃ তৌফিকুর রহমান  
জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া